

সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১১৩৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ১২১০]

১৯/ তাহাজ্জুদ বা রাতের সালাত (كتاب التهجيد)

পরিচ্ছেদঃ ৭৬৬. সালাতে যে কাজ জায়য।

باب مَا يَجُوزُ مِنَ الْعَمَلِ فِي الصَّلَاةِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدٌ، حَدَّثَنَا شَبَابَةُ، حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ مُحَمَّدِ بْنِ زِيَادٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ - رَضِيَ
الله عنه - عَنِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ صَلَّى صَلَاةً قَالَ " إِنَّ الشَّيْطَانَ عَرَضَ
لِي، فَشَدَّ عَلَيَّ لِيَقْطَعَ الصَّلَاةَ عَلَيَّ، فَأَمَكَّنِي اللَّهُ مِنْهُ، فَذَعْتُهُ، وَلَقَدْ هَمَمْتُ أَنْ أُوثِقَهُ إِلَى
سَارِيَةٍ حَتَّى تُصْبِحُوا فَتَنْظُرُوا إِلَيْهِ فَذَكَرْتُ قَوْلَ سُلَيْمَانَ - عَلَيْهِ السَّلَامُ - رَبِّ هَبْ لِي
مُلْكًا لَا يَنْبَغِي لِأَحَدٍ مِنْ بَعْدِي. فَرَدَّهُ اللَّهُ خَاسِيًا ". ثُمَّ قَالَ النَّضْرُ بْنُ شَمِيلٍ فَذَعْتُهُ
بِالذَّالِ أَيْ خَنَقْتُهُ وَفَدَعْتُهُ مِنْ قَوْلِ اللَّهِ (يَوْمَ يُدْعُونَ) أَيْ يُدْفَعُونَ وَالصَّوَابُ، فَذَعْتُهُ إِلَّا
أَنَّهُ كَذَا قَالَ بِتَشْدِيدِ الْعَيْنِ وَالتَّاءِ.

বাংলা

১১৩৭। মাহমুদ (রহঃ) ... আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একবার সালাত
(নামায/নামাজ) আদায় করার পর বললেনঃ শয়তান আমার সামনে এসে আমার সালাত বিনষ্ট করার জন্য আমার
উপর আক্রমণ করল। তখন আল্লাহ পাক আমাকে তার উপর ক্ষমতা দান করলেন, আমি তাকে ধাক্কা দিয়ে
মাটিতে ফেলে গলা চেপে ধরলাম। আমার ইচ্ছা হয়েছিল, তাকে কোন স্তম্ভের সাথে বেঁধে রাখি। যাতে তোমরা
সকাল বেলা উঠে তাকে দেখতে পাও। তখন সুলাইমান (আলাইহিস সালাম) এর এ দু'আ আমার মনে পড়ে গেল,
"ইয়া রব! আমাকে এমন এক রাজ্য দান করুন যার অধিকারী আমার পরে আর কেউ না হয়
"। তখন আল্লাহ তাকে (শয়তানকে) অপমানিত করে দূর করে দিলেন।

নযর ইবনু শুমা'ইল (রহঃ) বলেন فَذَعْتُهُ শব্দটি সহ অর্থাৎ তাকে ধাক্কা দিয়ে মাটিতে ফেলে গলা চেপে ধরলাম
এবং فَذَعْتُهُ আল্লাহর কালাম يَوْمَ يُدْعُونَ থেকে অর্থাৎ তাদেরকে ধাক্কা মেরে মেরে নিয়ে যাওয়া হবে এবং সঠিক
হল তবে فَذَعْتُهُ তবে ع ও ت অক্ষর দুটি তাশদীদ সহ পাঠ করেছেন।

English

Narrated Abu Huraira:

The Prophet (ﷺ) once offered the prayer and said, "Satan came in front of me and tried to interrupt my prayer, but Allah gave me an upper hand on him and I choked him. No doubt, I thought of tying him to one of the pillars of the mosque till you get up in the morning and see him. Then I remembered the statement of Prophet Solomon, 'My Lord ! Bestow on me a kingdom such as shall not belong to any other after me.' Then Allah made him (Satan) return with his head down (humiliated)."

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=1144>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন